REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৮ই ভাদ্র বুধবার ১৩৩৯ ইংরাজী 24th August 1932 | ১৫শ সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্টু, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

## হিলিংবাম

গত ৩৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না বা অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৸০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তায় উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা






জন্য কতকগুলি অতিরিক্ত যোগ্যতার কথা বলেন; ইহাতে তাহারা মোট ভোট-সংখ্যার প্রায় এক-পঞ্চমাংশ পাইতে পারিবে। ইহার হার মাদ্রাজে এক-চতুর্থাংশ হইতে আরম্ভ করিয়া বিহারে এক-নবমাংশ হইয়াছে। এইরূপ যোগ্যতার মধ্যে প্রথমটী অক্ষরজ্ঞানমাত্র থাকা এবং দ্বিতীয়টী এমন ব্যক্তির স্ত্রী হওয়া যিনি সম্পত্তি থাকার দরুণ বর্ত্তমান ভোটাধিকারবলে প্রাদেশিক সভাগুলির জন্য ভোট দিতে অধিকারী। মধ্যপ্রদেশে বর্ত্তমান নির্ব্বাচক মণ্ডলীর সংখ্যা খুব কম হওয়ায় এই শেষোক্ত যোগ্যতাটি আরও বিশেষভাবে বর্দ্ধিত করিয়া দেওয়ার জন্য প্রস্তাব করা হইয়াছে। স্বামীর সম্পত্তির দরুণ যোগ্যতাবলে ভোটাধিকার প্রদান করায় যে অসুবিধা আছে কমিটি তাহা স্বীকার করেন কিন্তু যে সকল স্ত্রীলোকের উহাতে আপত্তি থাকিবে তাহারা খুব সম্ভব অক্ষরজ্ঞানবলে ভোটের অধিকার পাইবে। আইন সভাগুলিতে প্রতিনিধিস্বরূপে স্ত্রীলোকদের নির্ব্বাচিত হওয়া সম্বন্ধে চারিটি উপায় প্রস্তাবিত হইয়াছিল। প্রথমতঃ, নব নির্ব্বাচিত কাউন্সিলগুলিতে একটি বিশেষ নির্দ্দিষ্ট প্রথায় স্ত্রীলোকদিগকে কো-অপট্ করিয়া দেওয়া হইবে। দ্বিতীয়তঃ, শিক্ষিত স্ত্রীলোকদিগের বিশেষ নির্ব্বাচনমণ্ডলী কর্ত্তৃক স্বতন্ত্র পদে নির্ব্বাচন হইবে। তৃতীয়তঃ, যে সকল স্ত্রীলোক সাধারণ নির্ব্বাচনে সর্ব্বাপেক্ষা অধিকসংখ্যক ভোট প্রাপ্ত হয় কিন্তু প্রকৃতপক্ষে নির্ব্বাচিত হইতে পারে না তাহাদিগকে এইরূপ স্বতন্ত্র পদের যেগুলি খালি থাকিবে সেইগুলি দেওয়া হইবে। এবং চতুর্থতঃ, কতকগুলি নির্দ্দিষ্ট এলাকায় স্ত্রীলোকদিগের জন্য পদ পৃথক করিয়া রাখিতে হইবে এবং ঐ সকল এলাকায় নির্ব্বাচনকারীদিগের দুইটি করিয়া ভোট থাকিবে, একটী সাধারণ নির্ব্বাচন কেন্দ্রের জন্য এবং অপরটী একজন স্ত্রীলোক পদপ্রার্থীর জন্য। কমিটী এই শেষোক্ত প্রণালিটিই অনুমোদন করেন। কতগুলি পদ স্বতন্ত্র করিয়া রাখা হইবে সে সম্বন্ধে তাঁহারা কিছু প্রস্তাব করেন না, কারণ ইহা সাম্প্রদায়িক সমস্যার সমাধানের উপর নির্ভর করে। স্ত্রীলোকদিগের ভোট গ্রহণ করিবার বিশেষ ব্যবস্থা সম্বন্ধে কমিটি যে নানাবিধ প্রস্তাব প্রাপ্ত হইয়াছেন তাহা বিবৃত করিয়াছেন এবং বিশেষরূপে অনুরোধ করিয়াছেন যে অধিকাংশস্থলেই ভোট দিবার স্থানে যেন স্ত্রীলোকদের জন্য একটী পৃথক প্রবেশপথ ও একজন স্ত্রীলোক কর্ম্মচারী রাখা হয়। ক্রমশঃ

---


হোমিও ঔষধ! হোমিও ঔষধ !!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারান্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৵০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)


---


মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

## বাতের তৈল

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।

মুল্য ৪ আঃ শিশি ১।৵০ এক টাকা পাঁচ আনা

## সোণামুখী তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মুল্য প্রতি শিশি ৸০ বার আনা।

কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)





শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।



## কোন অসুখই দুরারোগ্য নয়!

পেটেণ্ট ঔষধ সাধারণক্ষেত্রে কার্য্যকরী হইলেও নানাপ্রকার ঔষধ সেবনে রোগের অবস্থা জটিল হইলে আমাদের পেটেণ্ট ঔষধ বিশেষ ফলপ্রদ হইয়া থাকে।

**বসন্ত মালতী।**
এই মনোহর গন্ধযুক্ত দ্রব্য ব্যবহারে মেচেতা, ব্রণ, ছুলি প্রভৃতি বিকৃত চিহ্ন বিদূরিত হইয়া মুখশ্রী সমুজ্জ্বল এবং বর্ণের উৎকর্ষ সম্পাদিত হয়।
এক শিশি ৷৵০ আনা।

আয়ুর্ব্বেদ চিকিৎসাশাস্ত্রে ৫০ বৎসরের অধিক আমাদের বহুদর্শিতা আছে।

**নেত্রামৃত।**
ইহা ব্যবহারে চক্ষু লাল হওয়া, কর্‌কর্‌ করা, বেদনা-বোধ, জল ও পিঁচুটী পড়া, পাতায় চুলকণা হওয়া, পাতা জুড়িয়া যাওয়া, ঝাপ্‌সা দেখা প্রভৃতি উপসর্গ প্রশমিত হয়।
এক শিশি ১৲ টাকা।

**দশনকান্তি চুর্ণ।**
ইহা দ্বারা দন্তবেষ্টের স্ফীতি, বেদনা, কন্‌কনানি, রক্ত-পূযাদি স্রাব ত্বরায় নিবারিত হয়। ইহাতে মুখের দুর্গন্ধ দূর হয়।
এক প্যাকেট ৵০ আনা।
এক কৌটা ।০ আনা।
এক শিশি ৷০ আনা।

মফঃস্বলস্থ রোগিকে আমরা ডাকযোগে ব্যবস্থা দিয়া থাকি। রোগ বিবরণ গোপন রাখা হয়।

**ক্ষুধাবতী।**
ইহা নিয়মিতরূপে সেবনে অগ্নিমান্দ্য, অজীর্ণ, অম্লপিত্ত ও শূল প্রভৃতি অচিরে বিনষ্ট হয়। ক্ষুধাবতী সেবনে ক্ষুধাবৃদ্ধি হইয়া শরীর হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ হয়।
এক শিশি ১৲ টাকা।

প্রত্যেক ঔষধ এক ডজন লইলে যথেষ্ট কমিশন দেওয়া হয়।

## সি, কে, সেন

এণ্ড কোং লিঃ,
২৯ নং কলুটোলা—কলিকাতা।

